



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 12/8/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো করোনাভাইরাস সংক্রান্ত গুরুতর নিয়ম লঙ্ঘনের অভিযোগে নিউ ইয়র্ক সিটির 36টি অতিরিক্ত বারের লিকার লাইসেন্স স্থগিত করার কথা ঘোষণা করেছেন

*মাইক্রো-ক্লাস্টার জোনে অবৈধভাবে পরিচালনার জন্য সাতটি প্রতিষ্ঠানের মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে*

*জনস্বাস্থ্য জরুরি অবস্থার সময় 279টি ব্যবসায়িক প্রতিষ্ঠানের মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে*

*এই পর্যন্ত 1,867টি অভিযোগ দাখিল করা হয়েছে এবং প্রক্রিয়া করা হয়েছে; স্থগিতাদেশ ও অভিযোগের হালনাগাদকৃত তালিকা [পাওয়া যাবে এখানে](#)*

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ ঘোষণা করেছেন যে মহামারী সম্পর্কিত নির্বাহী আদেশ গুরুতর লঙ্ঘনের অভিযোগে রাজ্য নিউ ইয়র্ক স্টেটের 36টি অতিরিক্ত বারের মদের লাইসেন্স স্থগিত করেছে, যা করোনাভাইরাস মহামারীর সময় মদের লাইসেন্স স্থগিত করার দৃষ্টান্ত 279 এ নিয়ে এসেছে। এই বিস্তার বন্ধ করতে এবং নিউ ইয়র্কবাসীদের সুরক্ষিত রাখার জন্য নিয়ম লঙ্ঘনের অভিযোগে পানশালা এবং রেস্টুরেন্টের বিরুদ্ধে মোট 1867টি অভিযোগ দায়ের করা হয়েছে। COVID-19 বিধি লঙ্ঘন করা ব্যবসায়িক প্রতিষ্ঠানের জন্য 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা দিতে হতে পারে, অন্যদিকে গুরুতর লঙ্ঘনের ফলে অবিলম্বে একটি বার বা রেস্টুরেন্টের মদের লাইসেন্স স্থগিত করা হতে পারে।

রাজ্য-মনোনীত মাইক্রো-ক্লাস্টার জোনে অবৈধভাবে কাজ করার জন্য সাতটি প্রতিষ্ঠানের মদের লাইসেন্স স্থগিত করা হয়েছে, যা সম্প্রদায়গুলিতে COVID ছড়িয়ে পড়া বেড়ে যাওয়ার কারণে আরো শক্তিশালী নিষেধাজ্ঞার আওতাধীন।

"নিউ ইয়র্কে এখনো দেশের সর্বনিম্ন সংক্রমণের হার রয়েছে এবং এটা নিউ ইয়র্কবাসীদের কঠোরতা এবং ঐক্যের প্রমাণ এই বিস্তার কমানোর জন্য তারা যা করতে পারেন তার উদ্দেশ্যে। তবে দুর্ভাগ্যবশত, কিছু প্রতিষ্ঠান নিয়ম উপেক্ষা করে যাচ্ছে, যা তাদের গ্রাহকদের এবং সামগ্রিকভাবে তাদের সম্প্রদায়কে ঝুঁকির মুখে ফেলছে," **গভর্নর কুওমো বলেন।** "যদি আমরা আমাদের প্রহরা শিথিল করি এবং মৌলিক জনস্বাস্থ্য বিধি উপেক্ষা করি, তাহলে এই শীত এই মহামারীর সব চেয়ে অন্ধকার সময় হতে পারে এবং আমরা তা হতে দিতে পারি না। আমরা জানি টিকা আসছে, আমরা

জানি সুড়ঙ্গের শেষে একটা আলো আছে, কিন্তু যদি আমরা এখন প্রহরা শিথিল করি এবং শৃঙ্খলাহীন হয়ে যাই, তাহলে সেখানে পৌঁছাতে আমাদের আরও বেশি সময় লাগবে।"

**স্টেট লিকার অথরিটি (State Liquor Authority, SLA) এর চেয়ারম্যান ভিনসেন্ট ব্র্যাডলি বলেন,** "যখন আমরা ঠান্ডা আবহাওয়ায় প্রবশ করছি এবং ভিতরে থাকতে বাধ্য হই, তখন রাজ্য জুড়ে ব্যবসায়িক জীবনের জন্য অনুবর্তী থাকা জরুরী। নিউ ইয়র্কবাসীদের অবশ্যই মুখোশ পরা চালিয়ে যেতে হবে, সামাজিক দূরত্ব অনুশীলন করতে হবে এবং আমাদের সবাইকে সুস্থ রাখার জন্য যে জীবন রক্ষাকারী প্রোটোকল প্রয়োগ করা হয়েছে তা অনুসরণ করতে হবে।"

রাজ্য মদ কর্তৃপক্ষ রাজ্যব্যাপী বলবৎকরণ প্রচেষ্টা অব্যাহত রেখেছে, যেখানে COVID-19 এর কেসে নাটকীয়ভাবে বৃদ্ধি পাওয়া এলাকার উপর বিশেষ মনোযোগ প্রদান করা হয়েছে, যার মধ্যে রয়েছে রাজ্য মনোনীত মাইক্রো-ক্লাস্টার জোন।

স্টেট লিকার অথরিটি বোর্ড থেকে জারি করা জরুরি স্বগিতাদেশ করা 36টি প্রতিষ্ঠানের কাউন্টি অনুযায়ী বিশদ বিবরণ নিচে দেওয়া হয়েছে।

নিউ ইয়র্ক সিটিতে:

- বক্স- 3
- ব্রুকলিন - 4
- ম্যানহাটন - 4
- কুইন্স - 8
- স্ট্যাটেন আইল্যান্ড - 4

নিউ ইয়র্ক সিটির বাইরে:

- অ্যালবেনি - 1
- ব্রুম - 1
- চৌতাকুয়া - 1
- এরি - 2
- নাসাউ - 1
- সাফোক - 4
- ওয়েস্টচেস্টার - 3

তাদের লম্বন এবং তাদের সাসপেনশনের তারিখ সহ স্বগিত 36টি পানশালা এবং রেস্টুরেন্টের একটি তালিকা [এখানে](#) পাওয়া যাবে।

যখন রাজ্য লিকার অথোরিটি (SLA) একটি লাইসেন্সপ্রাপ্ত ব্যবসার অব্যাহত ত্রিয়াকলাপ জনস্বাস্থ্য ও নিরাপত্তার জন্য ঝুঁকিপূর্ণ বলে নির্ধারণ করে তখন জরুরি তাৎক্ষণিক সংক্ষিপ্ত স্বগিতাদেশ জারি করা হয়। স্বগিতাদেশ অবিলম্বে প্রদান করা হয় এবং অনির্দিষ্টকালের জন্য কার্যকর থাকে, যার মধ্যে সর্বোচ্চ জরিমানার অন্তর্ভুক্ত স্থায়ী লাইসেন্স বাতিলকরণ এবং 10,000 মার্কিন ডলার পর্যন্ত জরিমানা। জরুরি স্বগিতাদেশ প্রাপ্ত লাইসেন্সধারীরা SLA প্রশাসনিক আইনের বিচারকের (SLA Administrative Law Judge) কাছে একটি দ্রুত শুনানির অধিকার রাখেন। 23 অক্টোবর থেকে 6 ডিসেম্বরের মধ্যে পূর্ণ বোর্ডের একটি বিশেষ সভায় চেয়ারম্যান ব্র্যাডলি, কমিশনার লিলি ফ্যান এবং কমিশনার গ্রিলি ফোর্ড জরুরি স্বগিতাদেশগুলি জারি করেন যা সামাজিক দূরত্বের নির্দেশিকার অধীনে ডিজিটালভাবে রেকর্ড করা ভিডিও-র মাধ্যমে পরিচালিত হয়েছিল।

###

আরও সংবাদ পেতে দেখুন [www.governor.ny.gov](http://www.governor.ny.gov)  
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | [press.office@exec.ny.gov](mailto:press.office@exec.ny.gov) | 518.474.8418

[আনসাবস্ক্রাইব করুন](#)